

নওগাঁর বদলগাছী মহিলা ডিপ্রি কলেজে ডিপ্রি শাখা এমপিওভুক্ত না হওয়ায় ৪৭ লাখ টাকা ফেরতের দাবিতে ক্ষুব্ধ শিক্ষকরা অধ্যক্ষকে প্রায় দুই ঘণ্টা তাঁর কক্ষে অবরুদ্ধ করে রাখেন। অবশেষে একটি ফাঁকা চেকে স্বাক্ষর নিয়ে অধ্যক্ষ সাজ্জাদ হোসেন চৌধুরীকে দুপুর ১টার সময় অবরুদ্ধ থেকে মুক্তি দেওয়া হয়। জানা যায়, বদলগাছী মহিলা কলেজে ২০০৫ সালে ডিপ্রি শাখায় খোলা হয়। তখন ডিপ্রি শাখায় সরকারি নিয়োগ বিধি মোতাবেক ও কলেজ উন্নয়ন ফান্ডে মোটা অঙ্কের টাকা ডোনেশন নিয়ে ১১ জন শিক্ষক নিয়োগ দেওয়া হয়। কিন্তু কলেজের ডিপ্রি শাখা খোলার প্রায় ১৪ বছর অতিবাহিত হলেও এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষকরা বেতন ভাতা থেকে বাধ্যত। সম্প্রতি এমপিওভুক্তিতে ডিপ্রি শাখা এমপিও না হওয়ায় শিক্ষকদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়। অধ্যক্ষ সাজ্জাদ হোসেন চৌধুরী ৬ ডিসেম্বর অবসর প্রহণ করবেন। বিষয়টি শিক্ষকদের মধ্যে জানাজানি হলে তাঁদের নিয়োগ ও এমপিওভুক্তির জন্য অধ্যক্ষকে বিভিন্ন সময় শিক্ষকদের দেওয়া ৪৭ লাখ টাকা ফেরতের দাবিতে গতকাল অধ্যক্ষকে তাঁর কক্ষে অবরুদ্ধ করা হয়। এ বিষয়ে অধ্যক্ষ সাজ্জাদ হোসেন চৌধুরী বলেন, ‘আমি সম্মানের ভয়ে ফাঁকা চেকে স্বাক্ষর দিই।’